# অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৬/১০/২০২১ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর অত্র উপজেলায় ৮৫০০ হে. জমিতে রোপা আমন আবাদ হয়েছে এবং ইতোমধ্যে কর্তন শুরু হয়েছে। আশানুরুপ ফলন হওয়াতে কৃষক খুশি এবং আশা করা যাচ্ছে ফলন জাতীয় লক্ষ্যমাত্রা অতিক্রম করবে। উপজেলায় রবি ফসল ও অন্যান্য শীতকালীন সবজি আবাদ বৃদ্ধির লক্ষে মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের কাজ করার জন্য দিক নির্দেশনা দেয়া হচ্ছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলায় রবি ফসল ও অন্যান্য শীতকালীন সবজি আবাদ বৃদ্ধির লক্ষে মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের কাজ ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। টিকার জন্য নিবন্ধিত হয়েছেন ১,০৩,৩২১ জন। ১ম ডোজ দেয়া হয়েছে ৬০,৩৭৯ জনকে। ২য় ডোজ ২৩,১১৯ জন এবং নতুন কোন কোরোনা রোগী নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রয়োজনীয় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ ভবন সংস্কার/মেরামত ও রংকরণ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>০৪। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি অধিক পুরাতন হওয়ায় নতুন ভবন নির্মাণ প্রয়োজন। বিধায়, ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে ০১ (এক) টি নতুন ভবন নির্মাণ এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন গেজেটেড কোয়ার্টার বা ষ্টাফ কোয়ার্টার না থাকার কারণে কর্মকর্তা কর্মচারীদের কোয়ার্টারের বাইরে বাসা ভাড়া নিয়ে অবস্থান করতে হয়। বিধায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হয়। এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি পরিত্যক্ত ঘোষণাপূর্বক নতুন ভবন নির্মাণের নিমিত্ত এবং ০১ (এক) টি গেজেটেড কোয়ার্টার, ০২ (দুই) টি ষ্টাফ কোয়ার্টার এবং ০১ (এক) টি অফিসার্স ডরমেটরী ভবন নির্মাণের বিষয়টি এডিপির অর্থায়নে অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে সুপারিশসহ পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৫। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর বাথরুম ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। বিধায়, বাথরুমে জরুরী সংস্কার/মেরামত কাজ প্রয়োজন। উক্ত মেরামত করনের কাজ বাবদ=২০,০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে আলোচনা করা হয়। | ০১। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ কাজ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি সমূহ নিম্নরুপ ঃ<br>ক) মোঃ নুদু মিয়া, ইউপি সদস্য-চুকাইবাড়ী ইউপি<br>খ) মোঃ রেজাউল, সমাজ সেবক-সেক্রেটারী<br>গ) মোঃ জিয়াউল হক, ব্যবসায়ী-সদস্য সচিব<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার/মেরামত ও রংকরণ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি সমূহ নিম্নরুপ ঃ<br>ক) নূর মোহাম্মদ, ইউপি সদস্য, দেওয়ানগঞ্জ-সভাপতি<br>খ) মোঃ আবুল হোসেন, সমাজ সেবক-সেক্রেটারী<br>গ) মোঃ মাসুদ মিয়া, সমাজ সেবক-সদস্য সচিব<br>০৩। উপজেলা পরিষদ ভবন সংস্কার/মেরামত ও রংকরণ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি সমূহ নিম্নরুপ ঃ<br>ক) মোঃ নুরে আলম সিদ্দিকী জুয়েল, কাউন্সিলর, পৌরসভা-সভাপতি<br>খ) মোঃ রেজাউল, সমাজ সেবক-সেক্রেটারী | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | | গ) মোঃ জিয়াউল হক, ব্যবসায়ী- সদস্য সচিব<br>০৪। উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটি পরিত্যক্ত ভবনটি ঘোষণাপূর্বক নতুন ভবন নির্মাণ এবং ০১ (এক) টি গেজেটেড কোয়ার্টার, ০২ (দুই) টি ষ্টাফ কোয়ার্টার এবং ০১ (এক) টি অফিসার্স ডরমেটরী ভবন এডিপির অর্থায়নে নির্মাণের লক্ষ্যে অনুমোদনসহ বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ সুপারিশসহ পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। উপজেলা প্রকৌশলীর কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর বাথরুম ব্যবহার নিমিত্ত সংস্কার/মেরামত করনের কাজ বাবদ=২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলোর প্রযুক্তি পরিবর্তন হবে বিধায় নলকূপগুলোর মাঠ পর্যায় বিতরণ ও খনন কাজ শুরু করা যাচ্ছে না। খুব শীঘ্রই এই সমস্যার সমাধান হবে। প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ কাজসহ সকল কার্যক্রম বিধি মেতাবেক ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা বরাদ্দ ৩৫৩ জনের নামের তালিকা ইউনিয়ন চেয়ারম্যানগণকে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। তালিকা প্রাপ্তি সাপেক্ষে দ্রুত ভাতা বাস্তবায়ন কমিটির নিকট উপস্থাপন করে ভাতা কার্যক্রম সম্পাদন করা যাবে। অত্র সমাজসেবা অফিস হতে নিজ নিজ ইউনিয়নের ভাতাসমূহের তালিকা নেয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। তালিকা যাচাইপূর্বক মোবাইল নম্বর সমূহ এবং মৃত্যু জনিত কারণে প্রতিস্থাপন করারও অনুরোধ করা হয়। প্রতিস্থাপন করা ভাতাভোগীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিভাগীয় অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২০-২০২১ অর্থবছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা বরাদ্দ ৩৫৩ জনের নামের তালিকা ইউনিয়ন চেয়ারম্যানগণের নিকট হতে জমা নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় কেন্দ্রীয় এবং প্রাথমিক সমবায় সমিতিমূহের অডিট কার্যক্রম চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদন শেষ হবে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন।<br>০৪। আগামী ০৬/১১/২০২১ খ্রি. তারিখ রোজ শনিবার জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হবে। উক্ত দিবসের সকল কার্যক্রম ভালোভাবে উদযাপনে সকলের সহযোগিতা কামনা করা হয়। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ২০২১-২২ অর্থবছরে টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর ১ম পর্বের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের পরিপ্রেক্ষিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিভাজন করে দেয়া হয়েছে। প্রকল্প তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>০২। দেওয়ানগঞ্জ উপজেলার নদী ভাংগন এলাকার ১৫৬ টি পরিবারের অনুকূলে =১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ নির্দিষ্ট পরিপত্রের নির্দেশনা মোতাবেক বিতরণ করা হবে।<br>০৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে দীর্ঘ ১৮ মাস পর বিদ্যালয়ের ক্লাশ চালু হয়েছে। **Accelerated Remedial Learning Plan** এবং নির্ধারিত ক্লাশ রুটিন অনুযায়ী শিক্ষার্থীদের স্বাস্থ্য বিধি মেনে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণের বিষয়টি প্রধান শিক্ষকগণ নিশ্চিত করেছেন। আগামী ৩১/১০/২০২১ হতে ০৬/১১/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালিত হবে। প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। আগামী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের বই সংরক্ষণের জন্য কোন গুদাম না থাকায় দেওয়ানগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই সংরক্ষণ করা হচ্ছে। সেখানেও স্থান সংকুলান না হওয়ায় দেওয়ানগঞ্জ মডেল স্কুলের পার্শে অবস্থিত উপজেলা স্কাউট ভবনের ০২ (দুই) টি কক্ষে বই | প্রাথমিক শিক্ষা সপ্তাহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সংরক্ষণের নিমিত্ত সম্মানীত চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | | |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৯/২০২১ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। শ্রেণী ভিত্তিক কার্যক্রম বিধি মোতাবেক চলমান রয়েছে। কোরোনাকালীন সময়ে ২৬,৭৯০ জন ছাত্র/ছাত্রীর মধ্যে ২,৫৪১ জনশিক্ষার্থী ঝড়ে পড়েছে। ডিগ্রী পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২১ মাসে এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা শুরু হবে। এই বছর JSC/JDC পরীক্ষা হবে না। ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মোট মাধ্যমিক বিদ্যালয় ৩৩ টি, জুনিয়র বিদ্যালয় ০৮ টি, মাদ্রাসা ১৫ টি, কলেজ ০৬ টি ও কলেজ ১০ টি মোট ৭২ টি। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা কার্যক্রম নকলমুক্ত পরিবেশে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>১। সেপ্টেম্বর/২১ মাসে মোট সক্ষম দম্পতি ৬০১৩৮ জন, মোট গ্রহণকারী ৪৮২৬৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.২৬%। স্থায়ী পদ্ধতি = ০৫ জন মহিলা, IUD- ০৯ জন, ইমপ্ল্যান্ট-৮১ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯২০০ পিস, আপন-১৭৯ চক্র, কনডম-১৩০৭৪ পিস, ইনজেকটেবলস-১৮৯১ জন, গর্ভকালীন সেবা-১১১৪ জন, প্রসবোত্তর সেবা-২৩৯ জন, কিশোর-কিশোরী সেবা-২৩৩০ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম এবং করোনাভাইরাস প্রতিরোধে মাঠকর্মীদের স্বাস্থ্যবিধি মেনে সচেতনতার সাথে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় গবাদি পশু চিকিৎসা কার্যক্রম ভালোভাবে চলছে। এছাড়া কৃত্রিম প্রজনন কার্যক্রমও সুন্দর এবং সঠিকভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০১/১১/২০২১ খ্রি. তারিখ হতে ৩০/৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা মাছ জেলেরা যেন না ধরে সে লক্ষে অভিযান পরিচালিত হবে। এ সময়ে যমুনা নদীতে কারেন্ট জাল ব্যবহার না করার জন্য জনপ্রতিনিধিগণকে অবহিত করা হয়। চায়না ও কারেন্ট জাল ব্যবহারে নিরুৎসাহিত করার লক্ষে আইনি ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | আগামী ০১/১১/২০২১ খ্রি. তারিখ হতে ৩০/৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত জাটকা মাছ জেলেরা যেন না ধরতে সে লক্ষে অভিযান পরিচালিত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি অর্থবছরে =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের (ঘূর্ণায়মান তহবিল) পরিমাণ =৩,১২,২৫,৮০০/- (তিন কোটি বার লক্ষ পঁচিশ হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য =২,৭৩,৬৮,৩০৭/-(দুই কোটি তিয়াত্তর লক্ষ আটষট্টি হাজার তিনশত সাত) টাকা। ক্রমপুঞ্জিত আদায় = ২,৫১,০১,০৮২/- (দুই কোটি একান্ন লক্ষ এক হাজার বিরাশি) টাকা। আদায়ের শতকরা হার ৯২% । খেলাপী ঋণের পরিমাণ =১৬,৯১,৮৫৩/- (ষোল লক্ষ একানব্বই হাজার আটশত তিপ্পান্ন) টাকা।<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ঃ<br>চলতি অর্থবছরের অগ্রগতি- পুরুষ-০৫ জন<br>মহিলা-৫৫ জন<br>মোট- ৬০ জন<br>ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ-২৭৫৩ জন<br>মহিলা-৪১২১ জন<br>মোট- ৬৮৭৪ জন | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে ২০২১-২০২২ অর্থবছরে আবেদন পত্র দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>০২। সেপ্টেম্বর/২১ মাসের ভিজিডির ডিও প্রদান করা হয়েছে।<br>০৩। আইসিভিজিডির ২য় পর্যায় অবহিতকরণ সভা এবং কিশোর কিশোরী ক্লাবের ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (CMC) অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।<br>০৪। IGA প্রকল্পের ব্লক বাটিক ও বিউটিফিকেশন প্রশিক্ষনার্থী নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে ২০২১-২০২২ অর্থবছরে আবেদন পত্র জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ঋণ আদায় হয়েছে ০.৩০ লক্ষ টাকা। কোন ঋণ বিতরণ করা হয়নি। খেলাপী ঋণ আদায় করার জন্য কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ বিতরণ না হওয়ার কারণ আগামী মাসিক সভায় বিস্তারিতভাবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। মাননীয় সংসদ সদস্য কর্তৃক তালিকা অনুযায়ী ২,৫০০ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে।<br>০২। কৃষকলীগের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ৫০০০ টি চারার বরাদ্দ পাওয়া যায়নি বিধায় চারা বিতরণ সম্ভব হচ্ছে না। | চারা বিতরণ কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৭) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ পৌরসভার কার্যক্রম ভালোভাবে চলছে। সরকারি খাস জমির উপর কিছু অবৈধ স্থাপনা রয়েছে যা উচ্ছেদ রোধে সম্মানীত জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের নিকট একজন ম্যাজিস্ট্রেট প্রয়োজন মর্মে আবেদন করেছিলেন। উপজেলা নির্বাহী অফিসার এই বিষয়ে সহযোগিতা করবেন। দেওয়ানগঞ্জ বাজারে রাস্তার ওপর কিছু দোকান রয়েছে। রাস্তায় জানজট সৃষ্টি হয়। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বিভিন্ন উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট সংস্কার/মেরামত এবং বিভিন্ন স্থাপনা নির্মাণ যেন টেকসই, মজবুত ও সুন্দর হয় সে লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে সর্বদা তদারকির জন্য সভায় আলোচনা করেন। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান যেন বিতর্কিত কাজ না করে সেদিকেও নজরদারির জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৮) | আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে,<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি মোট ঋন বিতরণ- ১২.৩৫ লক্ষ<br>মোট সদস্য- ১১,৮৫০ জন মোট তহবিল- ১৪.১৪ লক্ষ<br>মোট সঞ্চয় - ৬.৪৮ লক্ষ মোট ঋন আদায়- ৫.৮০ লক্ষ | আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার/<br>উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪১৯৬ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৫৫,৮০,০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬২,০৪,১৬১/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৭,০৮,১৪৮/-<br>চ) আদায় হার- ৯৬%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭০ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ২০,৫০,০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১২,৫১,১০০/-<br>ঘ) আদায় হার- ৯৮%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০০% | ঋন আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২০) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলার ০৮ (আট) টি ইউনিয়নে সেপ্টেম্বর/২১ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচীতে নতুন ৬৬৫ জন সুবিধাভোগী অন্তর্ভূক্ত করা হয়।পূর্বের ১৯,২০৯ জন সুবিধাভোগী ও বর্তমানে নতুন ৬৬৫ জনসহ মোট সুবিধাভোগী ১৯৮৭৪ জন। এই সুবিধাভোগীদের মাঝে মাথাপিছু ৩০ কেজি মোট ৫৯৬.২২০ কেজি চাউল বিতরণ করা হচ্ছে। ০৮ (আট) টি ইউনিয়নে সর্বমোট ৩৬ জন ডিলার (খাদ্য বান্ধব) রয়েছেন। এছাড়া পৌরসভার অনুকূলে ০৩ (তিন) জন ডিলার দিয়ে OMS এর মাধ্যমে চাউল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় খাদ্য বর্তমান মজুদ পরিস্থিতি চাউল-১৫৬৪.০৭১ মে. টন এবং গম-৩.০০৫ মে.টন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ না পাওয়ায় উঠান বৈঠক কার্যক্রম স্থগিত করা হয়েছে। দপ্তরীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর উঠান বৈঠক কার্যক্রম বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, তাঁর ইউনিয়নে ০২ (দুই) জন গ্রাম পুলিশ মারা গেছেন। ০১ (এক) জন অবসরে। চকিদার নিয়োগের জন্য অনুরোধ জানান। ডাংধরা ইউনিয়নে বিভিন্ন এলাকায় বৃষ্টিতে রাস্তা-ঘাট ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। পাথরের চর ভারত হতে আসা ঝরণা ধারা প্রবাহিত হওয়ার ফলে নদীর পানি বৃদ্ধির ফলে হাইওয়ে রোডসহ বিভিন্ন প্রতিষ্ঠান বিলীন হওয়ার আশংকা রয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার গরীব জনগণের মাঝে জমি ঘর প্রদানের বিষয়ে আলোচনা করেন। সুবিধাভোগীদের মাঝে সম্পূর্ণকৃত ঘরের দলিলসহ কাগজপত্র প্রদান করা হয়েছে। | ডাংধরা ইউপির সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান জানান যে, সানন্দবাড়ী বাজার রাস্তা ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। এছাড়াও তাঁর ইউনিয়নে কাজী নিয়োগ না হওয়ার কারণে বাল্য বিবাহ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। খুব শীঘ্রই কাজী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | জনগণের চলাফেরার সুবিধার্থে রাস্তা মেরামত/সংস্কারের বিষয়ে সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসা |
| ২৪) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। তাঁর ইউনিয়ন পরিষদ ভবন জনাজীর্ন ও ঝুঁকিপূর্ণ। যে কোন সময় ধসে যাবার শংকা রয়েছে। ভবনটি সংস্কার/মেরামত নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও গ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যও অনুরোধ করেন। | গ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | | নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়নে ডিলারদের কার্ডের মেয়াদ শেষ হয়ে গেছে। বিষয়টি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। পরিষদের অভ্যন্তরে গত অর্থবছরে এডিপির আওতায় বাউন্ডারী ওয়ালের এবং মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়নি। ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। কাজটি সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও ১% এর টাকা প্রদানের জন্য অনুরোধ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান, তাঁর ইউনিয়নে জাইকার আওতায় সম্পাদিত কাজের বিষয়ে সভায় আলোচনা করেন। দেওয়ানগঞ্জ বাজার হতে সানন্দবাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার/মেরামত করার বিষয়ে সভাকে অবহিত করেন। কোরোনা ভাইরাস প্রতিরোধে চলমান টিকা প্রদানের আওতায় চরাঞ্চলে ক্যাম্প স্থাপন করে ভ্যাকসিন প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। যে সকল প্রাথমিক বিদ্যালয় নদীর তীরে অবস্থিত যা নদী ভাংগনের আশংকা রয়েছে সে সমস্ত বিদ্যালয়গুলোকে স্থানান্তর করে ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার অবস্থা ভালো ও উন্নতমানের তৈরী করার জন্য উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অনুরোধ করেন। সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের নিমিত্ত একত্রে কাজ করার প্রত্যয়ে বক্তব্য শেষ করেন। | কোরোনা ভাইরাস প্রতিরোধে চলমান টিকা প্রদানের আওতায় চরাঞ্চলে ক্যাম্প স্থাপন করে ভ্যাকসিন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | কোরোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভাতে অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি দেওয়ানগঞ্জ বাজার হতে ডাংধরা পর্যন্ত রাস্তা ০২ লেন করা যায় সে বিষয়ে সভায় আলোচনা করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলক সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় উন্নয়নের ধারা অব্যাহত রাখতে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সম্মানীত এমপি মহোদয়ের নির্দেশনায় সকলের সহযোগিতায় কার্যক্রম বাস্তবায়নে অনুরোধ করেন । | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ও ইউপি চেয়ারম্যানগণ সুন্দর ও সুষ্ঠুভাবে কাজ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধিগণ দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। দেওয়ানগঞ্জ বাজার জিরো পয়েন্ট হতে ডাংধরা পর্যন্ত রাস্তা ০২ লেন করনে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম আরও এগিয়ে নিতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে একত্রে কাজ করতে অনুরোধ জানান। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং সকল কার্যক্রম সুষ্ঠভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে ছালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান, দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জের বিভিন্ন রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট, স্কুল, কলেজ উন্নীতকরণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের রুপকার মাননীয় এমপি মহোদয়। অত্র দেওয়ানগঞ্জ উপজেলা একটি নদীভাংগন এলাকা। বন্যা সময় বিভিন্ন এলাকা প্লাবিত হয়। রাস্তা ঘাট ক্ষতিগ্রস্থ হয়। মাননীয় এমপি মহোদয় মানুষের জীবন মান উন্নয়নে এবং এই সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছেন। তাঁর প্রচেষ্টায় আজকে ডাংধরা থেকে দেওয়ানগঞ্জ দূরত্ব কমিয়ে এনেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে সকলের সহযোগিতায় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | অক্টোবর/২১ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। অক্টোবর/২১ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ | অক্টোবর/২১ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৬,৮৭৫/- | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | =১১,৮৭৫/-(এগার হাজার আটশত পঁচাত্তর) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | (ছাব্বিশ হাজার আটশত পঁচাত্তর) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | নির্বাহী অফিসার |
| ৩৫) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৬) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৮ বঙ্গাব্দে দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ (তের) টি হাট বাজারের মধ্যে ০৯ (নয়) টি হাট ইজারা হয়েছে। তন্মধ্যে ০৮ (আট) টি হাটের ভ্যাট আয়করসহ সকল টাকা ইজারদারগণ পরিশোধ করেছেন। সানন্দবাড়ি হাটের ইজারাদারের নিকট সর্বমোট =৯,২৫,২৫০/- (নয় লক্ষ পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পাওনা রয়েছে। তিনি প্রতি হাটে =১,০০০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করবেন মর্মে জানান। অবশিষ্ট ০৪ (চার) টি হাটের ইজারা হয়নি। সরকারি হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী বিজ্ঞপ্তি দেয়া আছে এবং খাস আদায় কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। | সানন্দবাড়ী হাটের ইজারাদারকে অবিলম্বে অবশিষ্ট টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | বিবিধ ঃ<br>ক) উপজেলা পরিষদ ভবনে CC Camera সংস্কার/মেরামত বাবদ এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের জন্য ২৪" একটি মনিটরসহ ক্রয় বাবদ=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত সভায় আলোচনা করা হয়।<br><br>খ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে বিভাগীয় কার্যক্রম সম্পাদনের জন্য ব্যবহৃত মনিটরটি নষ্ট হয়ে যাওয়ার ফলে কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। যার ফলে ০১ (এক) টি নতুন মনিটর এবং ০১ (এক) টি স্ক্যানার ক্রয় অতীব জরুরী। বিধায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০১ (এক) টি নতুন মনিটর=১৪,২০০/- (চৌদ্দ হাজার দুইশত) টাকা এবং ০১ (এক) টি স্ক্যানার ক্রয় বাবদ=১২,০০০/- (বার হাজার) টাকা সর্বমোট =২৬,২০০/- (ছব্বিশ হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>গ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে বিভাগীয় বিভিন্ন নথি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ খুবই জরুরী। ০১ (এক) টি আলমীরা থাকার ফলে বিভিন্ন বিভাগীয় নথি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা সম্ভবপর হচ্ছে না। বিধায়, নতুন ০১ (এক) টি আলমীরা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>ঘ) উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ এর উপজেলা পরিষদ সভাকক্ষে বিভিন্ন সভা পরিচালিত হয়ে থাকে। সভাগুলোতে আপ্যয়নের নিমিত্তে বিভিন্ন ক্রোকারিজ সামগ্রী ক্রয় করা আশু প্রয়োজন। বিধায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ সভাকক্ষের জন্য =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকায় ক্রোকারিজ সামগ্রী ক্রয় এর বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>ঙ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচহাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | ক) উপজেলা পরিষদ ভবনে CC Camera সংস্কার/মেরামত বাবদ এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের জন্য ২৪" ০১ (এক) টি মনিটরসহ ক্রয়বাবদ=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে বিভাগীয় কার্যক্রম সম্পাদনের জন্য ০১ (এক) টি নতুন মনিটর এবং ০১ (এক) টি স্ক্যানার ক্রয় বাবদ=২৬,২০০/- (ছব্বিশ হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উল্লিখিত দপ্তরের বিভিন্ন বিভাগীয় নথি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করার নিমিত্ত ০১ (এক) টি আলমীরা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাবদ=৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) আলোচনান্তে উপজেলা পরিষদ সভাকক্ষে সভাগুলোতে আপ্যয়নের নিমিত্ত =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকায় ক্রোকারিজ সামগ্রী ক্রয় এবং প্রতি পিছ ক্রোকারিজ সামগ্রীতে উপজেলা পরিষদের মনোগ্রাম লিপিবদ্ধ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>ঙ) উক্ত ব্যয় বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br><br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br><br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br><br>ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br><br>ঙ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

মোঃ সোলায়মান হোসেন ২৫/১০/২০২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ১০৭০ (৪০)

তারিখ ঃ ২৬/১০/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৬/১০/২১

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।